


নটর ডেম কলেজে একাদশে ভর্তির জন্য যারা আবেদন করতে পারবে



ছবি-সংগৃহীত

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ১৮ মে ২০২৪ | ১২:৪৬



নটর ডেম কলেজে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির আবেদন শুরু হবে ২৬ মে। নিজস্ব প্রক্রিয়ায় অনলাইনে ভর্তির আবেদন গ্রহণ করা হবে। ভর্তির জন্য জিপিএসহ যোগ্যতার শর্ত শুক্রবার প্রকাশ করেছে কলেজটি। ভর্তি হতে আগ্রহী শিক্ষার্থীদের আবেদন করতে হবে ২৫ মে রাত ১২টা ১ মিনিট (২৬ মে) থেকে। আবেদনের ন্যূনতম যোগ্যতা হিসেবে বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের জন্য বাংলা মাধ্যম ও ইংরেজি ভার্সন (উচ্চতর গণিতসহ) জিপিএ-৫, মানবিক বিভাগ জিপিএ-৩ ও ব্যবসায় শিক্ষা বিভাগ জিপিএ-৪ থাকতে হবে।

এসএসসিতে বাংলা মাধ্যমের শিক্ষার্থীরা ইংরেজি ভার্সনের জন্য আবেদন করতে পারবে না। ও লেভেল শিক্ষার্থীদের আবেদন গ্রহণ করা

হয় না। বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে বিজ্ঞান বিভাগ থেকে ব্যবসায় শিক্ষা বিভাগে জিপিএ-৪.৫০, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে মানবিক বিভাগে জিপিএ-৩.৫০ থাকতে হবে।

এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ৩০ মে বিকেল ৫টা পর্যন্ত নটর ডেম কলেজের নিজস্ব ওয়েবসাইট ndc.edu.bd থেকে অনলাইনে আবেদন করতে পারবে শিক্ষার্থীরা। আবেদনের পর প্রবেশপত্র প্রিন্ট আউট কপি সংগ্রহ করতে হবে। ভর্তি আবেদনের নিয়মাবলি কলেজের ওয়েবসাইটে দেওয়া আছে। অনলাইন আবেদন করার সময় ভর্তি পরীক্ষার ফি বাবদ অফেতযোগ্য ৪০০ টাকা বিকাশের মাধ্যমে পাঠাতে হবে। পুনর্নিরীক্ষণে ফল পরিবর্তন হয়ে ভর্তি আবেদনে ন্যূনতম যোগ্যতা অর্জন করলে পুনর্নিরীক্ষণে ফল প্রকাশের দুই দিনের মধ্য কলেজ অফিসে সরাসরি যোগাযোগ করতে হবে। ভর্তির ক্ষেত্রে ক্ষুদ্র নৃগোষ্ঠী ও মিশনারি কর্তৃক পরিচালিত প্রত্যন্ত এলাকার স্কুল বিবেচনায় আনা হবে।

UNIBOTS



-0:00

আবেদনকারীদের ভর্তির লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষার তারিখ ও সময় প্রবেশপত্রে পাওয়া যাবে। ২০২৪ সালের এসএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী লিখিত পরীক্ষা হবে। যারা বিজ্ঞান শাখা থেকে মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় ভর্তির আবেদন করেছে, তাদের বিজ্ঞান শাখার প্রশ্নে এবং যারা ব্যবসায় শিক্ষা শাখা থেকে মানবিক শাখায় আবেদন করেছে, তাদের ব্যবসায় শিক্ষা শাখার প্রশ্নে পরীক্ষা দিতে হবে।

বিজ্ঞান বিভাগের পরীক্ষায় বাংলা, ইংরেজি, উচ্চতর গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও জীববিজ্ঞান; মানবিক বিভাগের পরীক্ষায় বাংলা, ইংরেজি, আইসিটি ও সাধারণ জ্ঞান এবং ব্যবসায় শিক্ষা বিভাগে বাংলা, ইংরেজি, হিসাববিজ্ঞান, আইসিটি ও সাধারণ জ্ঞান বিষয়ে পরীক্ষা হবে।